

বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ খালিলুর রহমান বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২৩ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১১:৩০ ঘটিকা
স্থান	Zoom মিটিং
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য

সভাপতি ভারুয়াল সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে সদস্য-সচিব সভার কার্যপত্রমতে আলোচ্যসূচি উপস্থাপন করেন।

আলোচ্যসূচি-১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ

সভায় জানানো হয় যে বিভাগীয় আইন-শৃঙ্খলা কমিটির গত সভাটি ১৯ জুলাই, ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলের নিকট ই-নথি/ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হলে এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি অনুমোদন/নিশ্চিত করা হয়।

আলোচ্যসূচি-২: গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও বর্তমান সভার আলোচ্য ও সিদ্ধান্তসমূহ: বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর নিম্নলিখিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন/মন্তব্য
১. রোহিঙ্গা সংক্রান্ত: সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে রোহিঙ্গাদের বিষয়ে সতর্ক নজর রাখা হচ্ছে। সম্প্রতি মৌলভীবাজার জেলায় রোহিঙ্গা আগমনের ঘটনা উদ্ঘাটিত হয়েছে, এ বিষয়ে ইতোমধ্যে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সভায় ভারত সীমান্ত দিয়ে যাতে কোন রোহিঙ্গা বাংলাদেশে অনুপ্রবেশ করতে না পারে সেদিকে সতর্ক থাকার জন্য মতামত প্রকাশ করা হয়। কোন রোহিঙ্গা কর্তৃক পাসপোর্ট গ্রহণ বা নবায়ন যাতে করতে না পারে সেজন্য সতর্কতা অবলম্বনের বিষয়ে সভায় আলোচিত হয়।	১(১) বিভাগের কোথাও কোন রোহিঙ্গা পাওয়া গেলে পুলিশের সহায়তায় কক্সবাজারের ক্যাম্পে পাঠিয়ে দিতে হবে।	(১) ডিআইজি, সিলেট রেঞ্জ। (২) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট। (৩) জেলা প্রশাসক (সকল)। (৪) অধিনায়ক র্‌যাব-৯, সিলেট। (৫) পুলিশ সুপার (সকল)


	১(২) ভারত সীমান্ত দিয়ে যাতে কোন রোহিঙ্গা অনুপ্রবেশ করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।	(১) সেক্টর কমান্ডার বিজিবি, সিলেট (২) সেক্টর কমান্ডার বিজিবি, শ্রীমঙ্গল
	১(৩) কোন রোহিঙ্গা যাতে বাংলাদেশী পাসপোর্ট গ্রহণ করতে না পারে সেজন্য সর্বোচ্চ সতর্কতা অবলম্বন অব্যাহত রাখতে হবে।	(১) ডিআইজি, সিলেট রেঞ্জ। (২) পুলিশ কমিশনার, এসএমপি। (৩) পুলিশ সুপার (সকল)। (৪) পরিচালক বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট।
২. জঞ্জিবাদ মোকাবিলা: সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী মেট্রপলিটন এলাকায় ভাড়াটিয়াদের তালিকা CIMS (Citizen Information Management System) এ অন্তর্ভুক্তকরণ কার্যক্রম চলমান রয়েছে। ব্যবস্থাটি সম্পূর্ণরূপে চালু হলে আইন-শৃঙ্খলা কার্যক্রমে বিশেষ সুবিধা হবে। সভায় জানানো হয় যে বিট পুলিশিং এর মাধ্যমে জঞ্জিবাদ মোকাবেলায় প্রয়োজনীয় প্রচার ও নজরদারি করা হচ্ছে।	২(১) ভাড়াটিয়াদের তালিকা CIMS (Citizen Information Management System) এ অন্তর্ভুক্তকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	(১) ডিআইজি, সিলেট রেঞ্জ। (২) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট। (৩) জেলা প্রশাসক (সকল)। (৪) অধিনায়ক র্‍যাব-৯, সিলেট। (৫) পুলিশ সুপার (সকল)
৩. জেলা, উপজেলা ও ইউনিয়নে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম জোরদারকরণ: সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ইউনিয়ন, উপজেলা ও জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম অব্যাহত আছে। বিভিন্ন পর্যায়ে কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে। সীমান্তবর্তী এলাকাসমূহে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে যৌথপ্রচার সভা করা হচ্ছে।	৩(১) অভিভাবক, শিক্ষার্থী, শিক্ষক, ইমাম ও পুরোহিতদের সাথে নিয়ে সন্ত্রাসবিরোধী পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে ইউনিয়ন, উপজেলা ও জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	(১) জেলা প্রশাসক (সকল) (২) পুলিশ সুপার (সকল)
	৩(২) সীমান্তবর্তী এলাকায় সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে জেলা প্রশাসক, পুলিশ সুপার ও বিজিবির সমন্বয়ে যৌথ গণশুনানী করতে হবে।	(১) সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট। (২) সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল। (৩) জেলা প্রশাসক (সকল) (৪) পুলিশ সুপার (সকল)
৪. প্রতিষ্ঠানের নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা বৃদ্ধি: সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বিভিন্ন প্রতিষ্ঠানের নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলতে স্থানীয় প্রচার কার্যক্রম অব্যাহত রয়েছে। গুরুত্বপূর্ণ স্থাপনা ও অফিসসমূহকে সিসি ক্যামেরার আওতাভুক্ত করার বিষয়ে জেলা পর্যায়ের সভাসমূহে আলোচনা করা হচ্ছে। এছাড়া বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা মেরামতকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	৪(১) জেলার প্রতিটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান তথা মসজিদ, মন্দির, ব্যবসা প্রতিষ্ঠান, অফিসের নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা বৃদ্ধি, যেমন- (ক) সিসি ক্যামেরা স্থাপনসহ নষ্ট ক্যামেরাসমূহ মেরামতকরণ, (খ) যাতায়াত মনিটরিং, (গ) নিরাপত্তা কর্মী নিয়োগ ইত্যাদি ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করতে বিষয়টি নিয়ে জেলা পর্যায়ের সভায় আলোচনা অব্যাহত রাখতে হবে।	(১) ডিআইজি, সিলেট রেঞ্জ। (২) পুলিশ কমিশনার, এসএমপি। (৩) জেলা প্রশাসক (সকল) (৪) পুলিশ সুপার (সকল)

<p>৫. সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি : সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের সম্পৃক্ত করা হচ্ছে এবং এ সংক্রান্ত নিয়মিত সভা/উঠান বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। সিলেট জেলার ওসমানীনগরে এটিএম বুথে ডাকাতির ঘটনা নিয়ে সভায় আলোচনা করা হয়। ডাকাতদের দ্রুততম সময়ে চিহ্নিত করে গ্রেফতার করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় জানানো হয় যে সামনে হাওরে মাহ আহরণের মৌসুম শুরু হবে। এ সময় জলমহালে আইন-শৃঙ্খলা বজায় রাখতে নজরদারি বৃদ্ধি করার বিষয় সভায় আলোচিত হয়।</p>	<p>৫(১) জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের সম্পৃক্ত করে প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।</p> <p>৫(২) জলমহালে মৎস্য আহরণের সময় আইন-শৃঙ্খলা বজায় রাখতে বিশেষ পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>(১) ডিআইজি, সিলেট রেঞ্জ। (২) পুলিশ কমিশনার, এসএমপি। (৩) সেক্টর কমান্ডার বিজিবি, সিলেট (৪) সেক্টর কমান্ডার বিজিবি, শ্রীমঙ্গল (৫) জেলা প্রশাসক (সকল)। (৬) অধিনায়ক র্‌যাব-৯, সিলেট। (৭) পুলিশ সুপার (সকল)</p>
<p>সভায় পরিবেশগত বিভিন্ন অপরাধ যেমন নদী বা পাহাড়/টিলা কেটে অবৈধ মাটি/বালু/পাথর উত্তোলন, নির্ধারিত এলাকার বাইরে থেকে পাথর/বালু উত্তোলন, পলিথিন শপিং ব্যাগ এর বিস্তার ইত্যাদি অপরাধ বন্ধে পদক্ষেপ গ্রহণের বিষয় আলোচিত হয়। সভায় সীমান্ত এলাকায়ও পরিবেশ সংক্রান্ত অপরাধের বিরুদ্ধে অভিযান পরিচালনা করার বিষয়ে মতামত প্রকাশ করা হয়।</p>	<p>৫(৩) সীমান্ত এলাকাসহ অন্যান্য এলাকায় পরিবেশ সংক্রান্ত অপরাধ প্রতিরোধের জন্য অভিযান পরিচালনা করতে হবে।</p>	<p>(১) ডিআইজি, সিলেট রেঞ্জ। (২) পুলিশ কমিশনার, এসএমপি। (৩) সেক্টর কমান্ডার বিজিবি, সিলেট (৪) সেক্টর কমান্ডার বিজিবি, শ্রীমঙ্গল (৫) জেলা প্রশাসক (সকল)। (৬) অধিনায়ক র্‌যাব-৯, সিলেট। (৭) পুলিশ সুপার (সকল) (৮) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট।</p>
<p>৬. মাদকের ব্যবহার রোধ : সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তের আলোকে মাদকমুক্ত উপজেলা হিসেবে বিবেচনাধীন উপজেলাসমূহে মাদক বিরোধী প্রচারাভিযান অব্যাহত রাখা হয়েছে।</p>	<p>৬(১) “মাদকমুক্ত উপজেলা” ঘোষণার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।</p> <p>৬(২) মাদক বিরোধী প্রচারাভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।</p>	<p>(১) ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট। (২) জেলা প্রশাসক (সকল) (৩) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট। (৪) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার।</p> <p>(১) জেলা প্রশাসক (সকল) (২) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট।</p>

<p>৭. সড়ক নিরাপত্তা : সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী নিরাপদ সড়ক নিশ্চিতকরণে হাইওয়েতে মোবাইল কোর্ট পরিচালনাসহ সড়ক নিরাপত্তা বিষয়ে জেলা ও উপজেলায় সভা অনুষ্ঠিত হচ্ছে। হাইওয়েতে অননুমোদিত যান (সিএনজি, টমটম ইত্যাদি) চলাচল বন্ধের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। জেলা প্রশাসন ও জেলা পুলিশ কর্তৃক যানজট নিরসন সপ্তাহ পালনের বিষয় সভায় আলোচিত হয়।</p>	<p>৭(১) যানবাহনের চালকদের ড্রাইভিং লাইসেন্স ও গাড়ির কাগজপত্র পরীক্ষার নিমিত্ত নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। ৭(২) জেলা ও উপজেলা পর্যায়ে সড়ক নিরাপত্তা বিষয়ে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন অব্যাহত রাখতে হবে। ৭(৩) হাইওয়েতে সিএনজি/অননুমোদিত যানমুক্ত রাখতে অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।</p>	<p>(১) জেলা প্রশাসক (সকল) (২) পুলিশ সুপার (সকল)। (৩) পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট অঞ্চল। (৪) উপ-পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, সিলেট বিভাগ, সিলেট।</p>
<p>সভায় জানানো হয় যে সম্প্রতি সুনামগঞ্জ থেকে সিলেট দিয়ে যাতায়াতকারী যানবাহনে চাঁদাবাজি সংক্রান্ত পরিস্থিতির উদ্ভব ঘটেছে। দু' জেলার সড়ক পরিবহন শ্রমিক সমিতির মধ্যে এ সংক্রান্ত বিরোধের সৃষ্টি হয়েছে। সভায় সড়কে অবৈধ চাঁদাবাজি বন্ধকরণ ও সুনামগঞ্জ ও সিলেট জেলার মধ্যে সৃষ্ট বিরোধের বিষয়ে ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।</p>	<p>৭(৪) সুনামগঞ্জ ও সিলেট জেলার মধ্যে সড়কে অবৈধ চাঁদাবাজি বন্ধের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং দু' জেলা পরিবহন শ্রমিকদের বিরোধ খতিয়ে দেখতে হবে।</p>	<p>(১) ডিআইজি, সিলেট রেঞ্জ। (২) পুলিশ কমিশনার, এসএমপি। (৩) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ। (৪) পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট। (৫) উপ-পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, সিলেট বিভাগ, সিলেট।</p>
<p>৮. করোনা ভাইরাস বিষয়ক : সভায় জানানো হয় যে, করোনা পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজ্য ক্ষেত্রে আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। করোনাকালীন বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে। করোনা সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি অনুসরণ ও মাস্ক পরিধান বিষয়ে প্রচার অব্যাহত রাখার বিষয় সভায় মতামত প্রকাশ করা হয়</p>	<p>৮(১) করোনাভাইরাস-কে উপলক্ষ্য করে যাতে অবৈধ মজুদধারী বা বাজারে অস্থিরতা সৃষ্টি না হয় বা পণ্যের অস্বাভাবিকমূল্য বৃদ্ধি না ঘটে সে দিকে দৃষ্টি রাখতে হবে। ৮(২) করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এড়াতে সংক্রামক ব্যাধি আইন ও নিয়মকানুন সংক্রান্ত প্রচারণা অব্যাহত রাখতে হবে। সর্বত্র মাস্ক পরিধান নিশ্চিত করতে প্রচারণা, টহল/অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।</p>	<p>(১) জেলা প্রশাসক (সকল) (২) পুলিশ সুপার (সকল)। (৩) উপজেলা নির্বাহী অফিসার(সকল)। (১) জেলা প্রশাসক (সকল) (২) পুলিশ সুপার (সকল)। (৩) উপজেলা নির্বাহী অফিসার(সকল)।</p>
<p>৯. বিবিধ : ক. ডেঙ্গু রোগ নিয়ন্ত্রণ: সভায় জানানো হয় মশক নিধনে সিলেট সিটি কর্পোরেশনের কার্যক্রম অব্যাহত আছে। কিছু এলাকায় ডেঙ্গু লার্ভা পাওয়া গেলেও কোনো ডেঙ্গু রোগী পাওয়া যায়নি।</p>	<p>৯(ক) ডেঙ্গু রোগ নিয়ন্ত্রণে মশার বংশ বিস্তার রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>(১) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক (২) মেয়র, পৌরসভা (সকল)</p>
<p>খ. আনসার সদস্যদের বকেয়া ভাতা: গত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে হবিগঞ্জ জেলার প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন সেন্টারে কর্মরত আনসারগণের বকেয়া বেতন/ভাতা পরিশোধের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরে পত্র লিখা হয়েছে মর্মে জেলা প্রশাসক, হবিগঞ্জ জানান। এখনো বিষয়টি সমাধান হয়নি।</p>	<p>৯(খ) হবিগঞ্জ জেলার প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন সেন্টারে কর্মরত আনসারগণের বকেয়া বেতন/ভাতা পরিশোধের বিষয়ে যোগাযোগ ও পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।</p>	<p>(১) জেলা প্রশাসক, হবিগঞ্জ।</p>

<p>গ. স্থানীয় সরকার নির্বাচন: সভায় জানানো হয় আগামী ৭ অক্টোবর শ্রীমঙ্গল উপজেলা পরিষদের চেয়ারম্যান পদের উপনির্বাচন অনুষ্ঠিত হবে। এ ছাড়া সারা দেশব্যাপি ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে আইন-শৃঙ্খলা বজায় রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয় সভায় আলোচিত হয়।</p> <p>ঘ. নৌপথে চাঁদাবাজি: জেলা প্রশাসক, সুনামগঞ্জ জানান যে বিভিন্ন নৌকা বা খেয়াঘাটের ইজারাদাগণ অবৈধভাবে নদীতে চলমান নৌকা থেকে চাঁদা উত্তোলন করছেন। এ সকল অবৈধ চাঁদা উত্তোলন বন্ধ করার বিষয়ে সভায় আলোচিত হয়।</p> <p>ঙ. শারদীয় দুর্গা পূজা উদ্‌যাপন: সভায় জানানো হয় যে আগামী ১১ অক্টোবর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত শারদীয় দুর্গা পূজা অনুষ্ঠিত হবে। শারদীয় দুর্গা পূজায় আইন-শৃঙ্খলা রক্ষা, এ সংক্রান্ত ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ এবং সুষ্ঠু-সুন্দর ও পর্যাপ্ত নিরাপত্তার সাথে পূজা উদ্‌যাপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>৯(গ) শ্রীমঙ্গল উপজেলা পরিষদসহ স্থানীয় সরকার নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৯(ঘ) চলমান নৌকা থেকে অবৈধ চাঁদাবাজি বন্ধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে স্থানীয় পর্যায়ে প্রচার ও সভা করতে হবে।</p> <p>৯(ঙ) শারদীয় দুর্গা পূজা বিষয়ে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পূজা যাতে সুষ্ঠু-সুন্দর ও পর্যাপ্ত নিরাপত্তার সাথে প্রতিপালিত হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>(১) ডিআইজি, সিলেট রেঞ্জ।</p> <p>(২) পুলিশ কমিশনার, এসএমপি।</p> <p>(৩) জেলা প্রশাসক (সকল)।</p> <p>(৪) অধিনায়ক, র্যা ব-৯, সিলেট।</p> <p>(৫) পুলিশ সুপার (সকল)।</p>
--	---	--

সভায় আর আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৮.০৬.০০১.১৫.৩৬৩


তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

০৪ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
- ৪) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট।
- ৫) সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট।
- ৬) সেক্টর কমান্ডার, বিজিবি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
- ৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সিলেট জোন, সিলেট।
- ৯) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
- ১০) জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ১১) জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ১২) জেলা প্রশাসক, সিলেট।
- ১৩) জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ১৪) অধিনায়ক, র্যা-৯, ইসলামপুর, সিলেট।
- ১৫) পুলিশ সুপার, সিলেট।
- ১৬) পুলিশ সুপার, সুনামগঞ্জ।

- ১৭) পুলিশ সুপার, হবিগঞ্জ।
- ১৮) পুলিশ সুপার, মৌলভীবাজার।
- ১৯) অতিরিক্ত পরিচালক, এনএসআই, সিলেট।
- ২০) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট।
- ২১) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ২২) পরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট।
- ২৩) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট।
- ২৪) উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
- ২৫) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট।
- ২৬) উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, সিলেট বিভাগ, সিলেট।
- ২৭) জেলা ইউনিট কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা ইউনিট কমান্ড।
- ২৮) পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, সিলেট অঞ্চল, সিলেট।
- ২৯) মেয়র, জকিগঞ্জ পৌরসভা, জকিগঞ্জ, সিলেট।
- ৩০) সহকারী পরিচালক, তামাবিল স্থল বন্দর, সিলেট।
- ৩১) স্টেশন ম্যানেজার, , সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট।
- ৩২) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট জেলা কার্যালয়।
- ৩৩) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট বিভাগ।
- ৩৪) পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট।
- ৩৫) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
- ৩৬) সভাপতি, পরিবহন মালিক সমিতি, সিলেট।
- ৩৭) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট।
- ৩৮) সভাপতি, বার এসোসিয়েশন, সিলেট।
- ৩৯) সভাপতি, সিলেট প্রেস ক্লাব, সিলেট।
- ৪০) সভাপতি, পরিবহন শ্রমিক ইউনিয়ন, সিলেট।



মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার